



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৭৮/ক/অনু:/১১/ ৭৭৯

তারিখ: ২৬/০৪/২০১৯

বিষয়: কলেজে নবম শ্রেণি সংযোজনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০০৩.১৭-১১১, তারিখ: ০৩/০৪/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ নরসিংদী জেলার নরসিংদী সদর উপজেলাধীন “ফরিদা হাশেম ইন্টারন্যাশনাল হাই স্কুল এন্ড কলেজ” এ ২০১৯ শিক্ষাবর্ষ হতে নবম শ্রেণি সংযোজনের অনুমতি প্রদান করা হলো।

শাখাসমূহ:

১। মানবিক ২। বিজ্ঞান ৩। ব্যবসায় শিক্ষা

বিষয়সমূহ:

- আবশ্যিক : ১। বাংলা ২। ইংরেজি ৩। গণিত ৪। ধর্ম শিক্ষা ৫। শারীরিক শিক্ষা ৬। বাংলাদেশ ও বিশ্ব পরিচয় ৭। বিজ্ঞান ৮। কম্পিউটার শিক্ষা।
- নৈর্বচনিক : ১। হিসাব বিজ্ঞান ২। ব্যবসায় উদ্যোগ ৩। ফিন্যান্স ব্যাংকিং ও বীমা ৪। পদার্থবিজ্ঞান ৫। রসায়ন ৬। জীববিজ্ঞান ৭। উচ্চতর গণিত ৮। ইতিহাস ৯। সাধারণ বিজ্ঞান ১০। বানিজ্যিক ভূগোল ১১। অর্থনীতি ১২। পৌরনীতি ১৩। কৃষি শিক্ষা।
- ঐচ্ছিক বিষয়: ১। ভূগোল ২। কম্পিউটার শিক্ষা। ৩। গার্হস্থ্য অর্থনীতি।

শর্তসমূহ:

- ১। কলেজটি নবম শ্রেণি থেকে উচ্চমাধ্যমিক শ্রেণিসহ সর্বদা একটি অভিন্ন প্রতিষ্ঠান হিসেবে গণ্য হবে।
- ২। বোর্ডে প্রাপ্ত অঙ্গীকারনামা অনুযায়ী প্রতিষ্ঠানটিতে নিয়োজিত এবং ভবিষ্যতে নিয়োগযোগ্য কোন শিক্ষক/কর্মচারীর এম.পি ও/সরকারি অনুদান দাবী করা যাবে না।
- ৩। আগামী ০৩(তিন) বছরের মধ্যে কলেজের নিজস্ব জমিতে ভবন নির্মাণ করতে হবে।
- ৪। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০)-শিক্ষা, তারিখ: ১০ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি ‘নির্দেশিকা’ অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ৫। প্রত্যেক অর্থবছরের শেষে কলেজের জন্য খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ৬। ছাত্র/ছাত্রী সংখ্যা কাম্য পর্যায়ে রাখতে হবে। বোর্ডের পূর্বানুমতি ব্যতীত নির্ধারিত আসনের বেশি ভর্তি করা যাবে না।
- ৭। প্রতিষ্ঠানটি একজন অধ্যক্ষ ও বোর্ড কর্তৃক একটি অনুমোদিত কমিটি দ্বারা পরিচালিত হবে।
- ৮। বোর্ডের বিদ্যালয় শাখা হতে ‘স্কুল কোড’ প্রাপ্তির লক্ষ্যে ইংরেজিতে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা উল্লেখ করে বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।
- ৯। নীতিমালা অনুযায়ী বোর্ডের সকল নিষম-কানুন মেনে চলতে হবে।
- ১০। কলেজের জন্য ব্যবহৃত ভবনটি অন্য কোন বানিজ্যিক কাজে ব্যবহার করা যাবে না।
- ১১। উপর্যুক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে বোর্ড এ অনুমতিপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

অধ্যক্ষ

ফরিদা হাশেম ইন্টারন্যাশনাল হাই স্কুল এন্ড কলেজ (EIN-135279)

নরসিংদী সদর, নরসিংদী।

মেমো নং- ৭৭৯ (৫)

তারিখ: ২৬/৪/১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি।